তারিখ 07 NOV 1996
পৃষ্ঠা ১৫ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

175

## ঢাকা ভার্সিটি হলের ঘটনাবলী

# কোন্দলের ফলে এক ছাত্রকে দোতলা থেকে ফেলে দেয়া হয়েছে ॥ মুহসীন হলে ছিনতাই, অন্য হলে প্রহৃত একজন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি আবাসিক হলে বুধবার পৃথক পৃথকভাবে অপ্রীতিকর ঘটনা ঘটেছে। ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলে সূর্যসেন হলে একজনকে দোতলা থেকে নিক্ষেপ, মুহসীন হলে অনার্সে ভর্তিচ্ছু একজন ছাত্রের টাকা ও স্বর্ণের চেন ছিনতাই এবং এএফ রহমান হলে একজন ছাত্রদল কর্মীকে ছাত্রলীগ কর্তৃক প্রহারের ঘটনা ঘটে।

জানা গেছে, দুপুর আড়াইটায় সূর্যসেন হলের ২৬৩ নং কক্ষ থেকে জাকির হোসেন নামে একজন ছাত্রদল কর্মীকে ফেলে দেয়া হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, সানি, কামরুল ও তাহরীন নামে তিনজন ছাত্রদল কর্মী এসে রড দিয়ে জাকিরকে পেটায়। জাকিরের ডান হাতের কনুই'র কাছে রড ঢুকিয়ে দেয়। মারধর করে তাকে দোতলা থেকে ফেলে দেয়া হয়। পুলিশ উদ্ধার করে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। একটি সূত্র জানায়, নারী ঘটিত বিষয় নিয়ে এ প্রহারের ঘটনা ঘটে।

মুহসীন হলে বিকালে ইমরুল হাসান নামে একজন অনার্স ভর্তিচ্ছু ছাত্রের ১১'শ টাকা ও স্বর্ণের চেন ছিনতাই করা হয়। জানা গেছে, সদ্য এইচএসসি পাশ করা ইমরুল হল গেটে এসে তার ভাই মনিরের ঠিকানা জানতে চায়। এ সময় গেটে অবস্থানরত একটি সংগঠনের কয়েকজন সশস্ত্রকর্মী তার গলায় চেন দেখে হলের ভিতরে একটি রুমে নিয়ে যায়। এখানে তাকে দু'ঘণ্টা আটকে রেখে টাকা ও চেন ছিনিয়ে নিয়ে অস্ত্রের মুখে হল থেকে বের করে দেয়। ইমরুল সাংবাদিকদের জানায়, বাবা-মায়ের এক সন্তান জেনে তার কাছে দু'লাখ টাকাও দাবি করা হয়। উল্লেখ্য, এর আগে মুহসীন হলে আমির করিম নামে একজন ব্যবসায়ীকে অপহরণ করে দু'লাখ টাকা মুক্তিপণ আদায় করা হয়।

এ.এফ. রহমান হলে হাসান নামে একজন ছাত্রদল কর্মীকে ছাত্রলীগ কর্মীরা প্রহার করেছে। ছাত্রলীগ কর্তৃক হল দখলের পর বিতাড়িত মনির বুধবার হলে লেপ-তোষক নিতে এলে তাকে প্রহার করা হয়। অন্য একটি সূত্র জানায়, হলের ডাইনিংয়ের টাকা না দিয়ে যাবার অভিযোগে তাকে প্রহার করা হয়।